**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, বুধবার ২৩ ডিসেম্বর ২০১৫, ৯ পৌষ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কোনো বাধাই দেশের অগ্রযাত্রা থামাতে পারবে না : প্রধানমন্ত্রী

২। ভূমি সংক্রান্ত সব কার্যালয় নিয়ে আসা হবে এক ভবনে : একনেকে ৫ প্রকল্প অনুমোদন

৩। বড় দিন ও ৩১ ডিসেম্বর রাতে কঠোর নিরাপত্তা :স্বরাষ্ট্রমন্ত্রী

৪। বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নে এডিবির সাথে ঋণ চুক্তি

৫। নতুন বই বিতরণ : দেশের সব প্রাথমিক বিদ্যালয় ১ জানুয়ারি খোলা থাকবে

৬। ভোটকক্ষে প্রবেশে প্রিজাইডিং অফিসারের অনুমতি লাগবে
সাংবাদিকদের বিষয়ে ইসির নির্দেশনা

৭। সব শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয় নজরদারিতে আনা হচ্ছে : শিক্ষামন্ত্রী

৮। প্রতিবন্ধীদের প্রতি সবার দায়বদ্ধতা রয়েছে : স্পিকার

৯। দেশে আইএসের কোনো অস্তিত্ব নেই : আইজিপি

১০। ঘরে বসেই অনলাইন ভূমি ব্যবহার ছাড়পত্রের নকশা অনুমোদন

১১। তীব্র শীতে সারা দেশে বাড়ছে ডায়রিয়া ও নিউমোনিয়া

চলমান পাতা/২

**১।	কোনো বাধাই দেশের অগ্রযাত্রা থামাতে পারবে না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নেওয়ার দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করে বলেছেন, আমি নিজেকে দেশের সেবক মনে করি। তাই রাষ্ট্র পরিচালনার সুযোগ পেয়ে দেশ ও জনগণের কল্যাণে কাজ করে যাচ্ছি। কোনো বাধাই দেশের অগ্রযাত্রা থামাতে পারবে না। বাংলাদেশ একদিন উন্নত হবেই। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার সন্ধ্যায় গণভবনে বড় দিন উপলক্ষে বাংলাদেশ খ্রিস্টান এসোসিয়েশনের নেতৃবৃন্দের সঙ্গে প্রধানমন্ত্রী শুভেচ্ছা বিনিময়কালে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫),

**২।	ভূমি সংক্রান্ত সব কার্যালয় নিয়ে আসা হবে এক ভবনে: একনেকে ৫ প্রকল্প অনুমোদন**

রাজধানীর ভূমি সংক্রান্ত কার্যালয়সমূহ এক ভবনে সন্নিবেশিত করে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার প্রতিষ্ঠা করতে ভূমি ভবন কমপ্লেক্স নির্মাণ এবং ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণসহ পাঁচটি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। সভাশেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **প্রথমআলো** (পৃ,১৩ ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.২),

**৩।	বড় দিন ও ৩১ ডিসেম্বর রাতে কঠোর নিরাপত্তা :স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, খ্রিস্টান সম্প্রদায়ের বড়দিন উদযাপন এবং ৩১ ডিসেম্বর রাতের যে কোনো প্রকার অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে সরকার কঠোর নিরাপত্তা গ্রহণ করবে। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে বড় দিন ও ৩১ ডিসেম্বর রাতের নিরাপত্তা বিষয়ক আন্তঃমন্ত্রণালয় সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫) **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৬),

**৪।	বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নে এডিবির সাথে ঋণ চুক্তি**

বিদ্যুৎ ব্যবস্থার সম্প্রসারণ এবং দক্ষতার উন্নয়ন বিনিয়োগ কর্মসূচির তৃতীয় ধাপে ২০ কোটি ৫০ লাখ ডলারের একটি ঋণ চুক্তি করেছে এশীয় উন্নয়ন ব্যাংক। টাকার অংকে প্রায় ১৬শ কোটি টাকা। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মো. মেজবাহ উদ্দিন ও এডিবির কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগোচি। পাঁচ বছর মেয়াদে (২০১৬ থেকে ২০২০) কর্মসূচিটি বাস্তবায়ন করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **ফিনানসিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৪),**ডেইলি সান বিজনেস** (পৃ.১,ক.৩),

**৫।	নতুন বই বিতরণ : দেশের সব প্রাথমিক বিদ্যালয় ১ জানুয়ারি খোলা থাকবে**

বই উৎসবের জন্য পয়লা জানুয়ারি ২০১৬ শুক্রবার দেশের সব প্রাথমিক বিদ্যালয় খোলা থাকবে বলে জানিয়েছেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীর। বছরের প্রথম দিন পাঠ্যপুস্তক বিতরণের ধারাবাহিকতা ঠিক রাখতে পয়লা জানুয়ারি বাংলাদেশের সব প্রাথমিক বিদ্যালয় খোলা রাখবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যায়াযায়দিন** (শেষ পৃ,ক.৬),

**৬।	ভোটকক্ষে প্রবেশে প্রিজাইডিং অফিসারের অনুমতি লাগবে**

**সাংবাদিকদের বিষয়ে ইসির নির্দেশনা**

প্রিজাইডিং অফিসারের অনুমতি ছাড়া আসন্ন পৌর নির্বাচনে ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না নির্বাচন কমিশনের (ইসি) অনুমোদিত সাংবাদিকরা। সম্প্রতি রিটার্নিং কর্মকর্তাদের এ নির্দেশনা পাঠিয়েছে নির্বাচন কমিশন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **প্রথমআলো** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১, ক.২)

চলমান পাতা-৩



**৭। সব শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয় নজরদারিতে আনা হচ্ছে : শিক্ষামন্ত্রী**

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসহ সব শিক্ষা প্রতিষ্ঠানের আয়-ব্যয় নজরদারির আওতায় আনার কাজ চলছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন এ বিষয়ে একটি আইন করার কাজ চলছে। প্রয়োজনে শিক্ষা আইনের কোনো ধারায়ও এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হতে পারে। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার সচিবালয়ে মিডিয়া সেন্টারে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরামে'র উদ্যোগে আয়োজিত এক আলোচনায় অংশ নিয়ে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউএজ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)

**৮। প্রতিবন্ধীদের প্রতি সবার দায়বদ্ধতা রয়েছে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রতিবন্ধীরা সমাজের একটি উল্লেখযোগ্য অংশ। প্রতিবন্ধীদের প্রতি সহযোগিতা ও সহমর্মিতা প্রকাশ করা আমাদের সবার দায়িত্ব। আমাদের প্রত্যেকেরেই প্রতিবন্ধীদের প্রতি সামাজিক দায়বদ্ধতা রয়েছে। সেই দায়িত্ব পালনে সংসদ সদস্যসহ সবাইকে আরও সচেষ্ট হতে হবে। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার জাতীয় সংসদ ভবনের শপথকক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির উদ্যোগে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় আয়োজিত স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক কর্মশালায় সভাপতির বক্তৃতায় স্পিকার এসব কথা বলেন। সূত্র- **প্রথম আলো** (পৃ.৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার**(শেষ পৃ,ক.১)

**৯। দেশে আইএসের কোনো অস্তিত্ব নেই : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক এ কে এম শহিদুল হক দাবি করেছেন, বাংলাদেশে মধ্যপ্রাচ্যভিত্তিক জঙ্গি সংগঠন ইসলামিক স্টেটসের কোনো অস্তিত্ব নেই। তবুও জঙ্গিদের প্রতিরোধে জনসচেনতা তৈরি করতে হবে। গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার বগুড়ায় পাঁচজন জঙ্গিকে গ্রেপ্তার করা হয়েছে। এছাড়া তদন্তে প্রত্যেকটি ঘটনার রহস্য উদ্‌ঘাটন করা হয়েছে। গতকাল মঙ্গলবার নগরীর বয়রায় খুলনা রেঞ্জ ডিআইজির নতুন অফিস ভবন চত্বরে প্রেস ব্রিফিং-এ তিনি এ কথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)

**১০। তীব্র শীতে সারা দেশে বাড়ছে ডায়রিয়া ও নিউমোনিয়া**

সারা দেশে শীতের তীব্রতা বেড়েই চলছে। এ বছর মৌলভীবাজারের শ্রীমঙ্গলে গতকাল ২২ ডিসেম্বর মঙ্গলবার দেশের সর্বনিম্ন তাপমাত্রা ৬ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। সন্ধ্যার পর থেকে সকাল পর্যন্ত ঘন কুয়াশার সঙ্গে হিমেল হাওয়া বাড়তে থাকায় প্রচন্ড ঠান্ডায় শিশু ও বৃদ্ধরা ঠান্ডাজনিত রোগে আক্রান্ত হচ্ছেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৭), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৩)

**১১। ঘরে বসেই অনলাইন ভূমি ব্যবহার ছাড়পত্রের নকশা অনুমোদন**

আজ ২৩ ডিসেম্বর বুধবার থেকে ঘরে বসেই অনলাইনে ভূমি ব্যবহার ছাড়পত্র ও নকশা অনুমোদন নিতে পারবেন রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন বাসিন্দারা। এছাড়া বিশেষ প্রকল্পের ছাড়পত্রসহ আবাসন কোম্পানিও এ সেবা পেতে আবেদন করতে পারবেন। অনলাইনে সেবা গ্রহণকারীদের রাজউক বিশেষ সুবিধা প্রদান করবে। আজ থেকেই নির্দিষ্ট পরিমাণ ফি প্রদানের মাধ্যমে এ সেবা গ্রহণ করতে পারবেন গ্রাহকরা।

এক্ষেত্রে অনলাইনে আবেদনকারীদের কাগজে দরখাস্তকারীদের আগেই নকশা বা ভূমি ছাড়পত্র অনুমোদনসহ সকল কার্যক্রম সম্পন্ন করতে অগ্রাধিকার প্রদান করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৪)

চলমানপাতা-৪

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, সমকাল, অবজারভার, ডেইলি স্টার, নিউজ টুডে :** পৌরসভা নির্বাচন নিয়ে বিভিন্ন স্থানে সংঘাত-সংঘর্ষ দেখা দেওয়ায় উদ্বেগ প্রকাশ করে নির্বাচন কমিশনকে তার দায়িত্ব পালনে আরও কঠোর ব্যবস্থা গ্রহণের দ্বারা নির্বাচনের পরিবেশ নিশ্চিত করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** বাংলাদেশের প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে অগ্রগতির চিত্র তুলে ধরে সরকারকে প্রাথমিক শিক্ষায় বিদ্যামান বাধাগুলি দূর করে শিক্ষা ক্ষেত্রে অগ্রগতির বর্তমান ধারা অব্যাহত রাখার প্রত্যাশা

গ. **জনকণ্ঠ :** রাজধানীতে ট্যাক্সি ক্যাব ও অটোরিক্সার স্বল্পতা ও ভাড়া নিয়ে ঝামেলায় জনগণের ভোগান্তির পরিপ্রেক্ষিতে জরুরিভিত্তিতে ট্যাক্সি ক্যাব ও অটোরিক্সার সংখ্যা যথেষ্ঠ পরিমাণে বড়ানোর আহ্বান।

ঘ. **সংবাদ :** কর্ণফুলী টানেল প্রকল্পের ব্যয় যেন অস্বাভাবিক হারে বেড়ে না যায় সেজন্য সরকারের সর্বোচ্চ মহলকে এ বিষয়ে পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সমকাল, ভোরের কাগজ, যুগান্তর, নিউএজ :** মন্ত্রিসভায় গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণনীতি-২০১৫'র খসড়া অনুমোদিত হওয়ায় স্বস্তি প্রকাশ করে গৃহকর্মীদের অধিকার ও মর্যাদা সুরক্ষিত হওয়ায় প্রত্যাশা।

চ. **ডেইলি স্টার :** রানা প্লাজা দুর্ঘটনায় জড়িত শ্রম মন্ত্রণালয়ের তিনজন কর্মকর্তার বিরুদ্ধে মন্ত্রণালয় চার্জ শিট দিতে গড়িমসি করায় ক্ষোভ প্রকাশ করে ন্যায়বিচার নিশ্চিত করতে দোষীদের বিচারের আওতায় আনার পরামর্শ।

ছ. **নিউএজ :** সীমান্ত নিরস্ত্র বাংলাদেশি হত্যা বন্ধে ভারত এবং বাংলাদেশের মধ্যে সংলাপ এবং পারস্পরিক শ্রদ্ধাবোধের পাশাপাশি সমাজের সচেতন নাগরিকদের সোচ্চার হতে হবে বলে মত প্রকাশ

জ. **নিউ নেশন :** সম্প্রতি একটি জাতীয় দৈনিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ণ-ইউনিটের বিছানাপত্রের অপরিছন্নতার তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে রোগিদের ব্যাকটেরিয়াজনিত ইনফেকশন থেকে রক্ষায় এ ব্যাপারে সচেতন হওয়ার সুপারিশ।

ঝ. **ইন্ডিপেনডেন্ট :** সম্প্রতি একজন সিনিয়র রাজনৈতিক নেতা জাতির পিতা এবং মুক্তিযুদ্ধে শহিদদের সংখ্যা নিয়ে প্রশ্ন তোলায় বিস্ময় প্রকাশ করে রাজনৈতিক স্বার্থে মুক্তিযুদ্ধের ইতিহাসকে বিকৃত না করার জন্য আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে কৃষকের শ্রম দেশটিকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করাসহ সরকারের অনেক বৈদেশিক মুদ্রা বাঁচিয়ে দিয়েছে। অথচ শ্রমিকদের জীবনই এদেশে সবচেয়ে বেশি বিপন্ন বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত 'নদী ও পরিবেশ রক্ষায় উদ্যোগ চাই' শিরোনামের নিবন্ধে সিনথিয়া পারভীন কাকলী পরিবেশের সবচেয়ে বড় উপাদান নদীকে উপেক্ষা করে বাংলাদেশের কোনো সৌন্দর্য কল্পনা করা যায় না। সেজন্য নদী রক্ষায় কার্যকর উদ্যোগ কাম্য বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা